দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 17 JUN 2003
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

# বাকৃবিতে বর্ধিত ভর্তি ফী ও অবৈধ মেডিক্যাল টেস্ট প্রত্যাহার দাবি ॥

## বিক্ষোভ, স্মারকলিপি পেশ

বাকৃবি সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সেমিস্টার-১) শ্রেণীতে ভর্তির জন্য ভর্তি ফী বৃদ্ধি ও নতুন কিছু মেডিক্যাল টেস্ট সংযুক্ত করায় বাকৃবি ক্যাম্পাসে আন্দোলনের ঝড় বইছে। প্রগতিশীল ছাত্রজোটের ব্যানারে কয়েকটি ছাত্র সংগঠন ভর্তি ফী বৃদ্ধি ও মেডিক্যাল টেস্ট প্রত্যাহারের জন্য মিছিল ও সমাবেশ করে যাচ্ছে। বুধবার ছাত্র ধর্মঘট আহ্বান করা হয়েছে। গতকাল রবিবার উক্ত ছাত্রজোট ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলসহ ভিসির কাছে স্মারকলিপি প্রদান ও সাংবাদিক সম্মেলন করেছে।

৮ জুন বিশ্ববিদ্যালয়ে নতুন ছাত্র ভর্তি করা হবে। ভর্তির জন্য মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নির্দেশিকায় ভর্তি খরচ বাবদ ৪ হাজার টাকা সঙ্গে আনতে বলা হয়েছে। অথচ এর আগে ভর্তি ফী বাবদ ১৬৫০ টাকা নেয়া হতো। এছাড়া অন্যান্য বছরের মতো ১৩০ টাকা মেডিক্যাল চার্জ নেয়ার নিয়ম ঠিকই রাখা হয়েছে। অথচ ভিডিআরএল, এইচবিএস ও ভিশন টেস্টসহ কয়েকটি টেস্ট বাইরে থেকে করে আনতে বলা হয়েছে– যার খরচ প্রায় ১ হাজার থেকে ১ হাজার ৫শ' টাকা। দেশের অন্য কোন বিশ্ববিদ্যালয়ে এসব মেডিক্যাল টেস্ট করার নিয়ম নেই।

এ সমস্ত অবৈধ মেডিক্যাল টেস্ট বাতিল ও ভর্তি ফী বৃদ্ধির প্রতিবাদে প্রগতিশীল ছাত্রজোট বেশ কিছুদিন যাবং মিছিল ও সমাবেশ করে আসছিল। ১ জুন রবিবার সকাল ১১টায় তারা টিএসসি থেকে বিক্ষোভ মিছিল বের করে সমগ্র ক্যাম্পাস প্রদক্ষিণ করে। পরে টিএসসি সামনের আমতলায় সমাবেশ করে। এর পর তারা তাদের দাবির প্রেক্ষিতে ভিসি প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান বরাবর ৪ দফা দাবি সংবলিত স্মারকলিপি পেশ করে।